



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৩নং গাটী ইউনিয়ন পরিষদ, সালথা, ফরিদপুর

চেয়ারম্যানঃ হাবিবুর রহমান লাভলু
মোবাইলঃ ০১৭১১-১২৩২৯৬

Email: up3nogatti@gmail.com



সভার স্থান : পরিষদের স্থায়ী কার্যালয়
সভাপতিত্ব : হাবিবুর রহমান লাভলু
চেয়ারম্যান, অত্র পরিষদ।

তারিখ : ২৮/০৫/২০২৩ খ্রিঃ
সময় : সকাল ১০.০০ টা

সভার কার্যবিবরণী
উপস্থিত সদস্যবৃন্দের নাম ও স্বাক্ষর


ক্রঃ নং	নাম	পরিচিতি	স্বাক্ষর
১.	হাবিবুর রহমান লাভলু	ইউপি চেয়ারম্যান	স্বাক্ষরিত
২.	মোছাঃ বার্না আক্তার	সংরক্ষিত মহিলা সদস্য-১,২,৩	"
৩.	মোছাঃ হাজেরা বেগম	সংরক্ষিত মহিলা সদস্য-৪,৫,৬	"
৪.	মোসাঃ বিলকিস বেগম	সংরক্ষিত মহিলা সদস্য-৭,৮,৯	"
৫.	মোঃ নুরউদ্দিন মাতুঝর	ইউপি সদস্য-১	"
৬.	মোঃ মুরাদ মাতুঝর	ইউপি সদস্য-২	"
৭.	মোঃ পারভেজ	ইউপি সদস্য-৩	"
৮.	মোঃ শাজাহান শেখ	ইউপি সদস্য-৪	"
৯.	মনিরুজ্জামান	ইউপি সদস্য-৫	"
১০.	মোঃ নুর ইসলাম মাতুঝর	ইউপি সদস্য-৬	"
১১.	মোঃ নুর ইসলাম খান	ইউপি সদস্য-৭	"
১২.	মোঃ বকুল মাতুঝর	ইউপি সদস্য-৮	"
১৩.	মোঃ আবু মিয়া	ইউপি সদস্য-৯	"
১৪.	মোহাম্মাদ আবদুল্লাহ আল মামুন	ইউপি সচিব	"

অধ্যকার সভা ৩নং গাটী ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যান জনাব হাবিবুর রহমান লাভলু সভাপতির আসন গ্রহণ করলে সভার কার্য আরম্ভ করা হয়। বিগত সভার কার্য বিবরণী পাঠান্তে কোন সংশোধনী ছাড়াই সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
(ক) ২০২৩-২০২৪ অর্থ বছরের বাজেট অনুমোদন।	সভাপতি মহোদয় পরিষদের ২০২৩-২০২৪ অর্থ বছরের খসড়া বাজেট উপস্থাপন করার জন্য ইউপি সচিব জনাব মোহাম্মাদ আবদুল্লাহ আল মামুনকে অনুরোধ জানান। সচিব সাহেব বাজেট সভায় অংশগ্রহণকৃত জনসাধারণের মতামতের ভিত্তিতে মোট রাজস্ব আয় ও উন্নয়ন আয় মিলে মোট ১,৮৮,২৬,৪৪০/- (এক কোটি আটটিশ লক্ষ ছাট্টিশ হাজার চারশত চল্লিশ) টাকার খসড়া বাজেট উপস্থাপন করেন। সভায় উপস্থাপিত বাজেটের বিভিন্ন দিক নিয়ে বিস্তারিত আলাপ-আলোচনা করা হয়। ২০২৩-২০২৪ অর্থ বছরের বাজেটে দুঃস্থ প্রতিবন্ধীদের উন্নয়নের জন্য বরাদ্দ রাখার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত হয়। সভাপতি বলেন, ২০২১-২০২২ হতে ২০২৫-২০২৬ পর্যন্ত মোট ০৫ (পাঁচ) অর্থ বছরের জন্য ট্যাক্স এ্যাসেসমেন্ট করা হয়েছে। এ্যাসেসমেন্ট অনুসারে প্রতি বছর হাল করে পরিমাণ দাড়িয়েছে প্রায় ১৩,৯৫,০০০/- (তের লক্ষ	২০২৩-২০২৪ অর্থ বছরের বাজেট সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	ইউপি চেয়ারম্যান, সার্বিক সহযোগিতায় ইউপি সচিব

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
	<p>পচানব্বই হাজার) টাকা। হাল সহ বকেয়া কর এবং অন্যান্য নিজস্ব আয় বৃদ্ধির জন্য সকলকে পরামর্শ দেওয়ার অনুরোধ জানানো হয়। সিদ্ধান্ত গৃহীত হয় যে, জনগণ যে কোন সেবা নিতে পরিষদে আসলে তাকে অবশ্যই ট্যাক্স রশিদ উপস্থাপন করতে হবে। বাজেটের বিভিন্ন খাতে প্রয়োজনীয় আয়-ব্যয় সংযোজন-বিয়োজন করা হয়। সকলে একমত হন যে, উক্ত বাজেট জনকল্যাণকর ও গনমুখী হয়েছে যাহা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয় এবং চূড়ান্ত অনুমোদনের জন্য উপজেলা নির্বাহী অফিসার, সালথা, ফরিদপুর মহোদয়ের নিকট দাখিল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে সভাপতি মহোদয়কে অনুরোধ জানানো হয়।</p>		

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে অধ্যকার সভার সমাপ্তি ঘোষণা করেন।


 হাৰিপুর রহমান খান
 চেয়ারম্যান
 ৩নং পটি ইউনিয়ন পরিষদ
 সালথা, ফরিদপুর